646/Beng.(NS) UG/6th Sem/BENG-G-GE-T-2/25

# ২০২৫

# বাংলা

(প্রোগ্রাম)

জেনেরিক ইলেকটিভ কোর্স (GE)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

ষষ্ঠ সেমেস্টার

কোর্স কোড : BENG-G-GE-T-2

(পরিবেশ ভাবনা ও বাংলা সাহিত্য)

[নতুন পাঠক্রম]

পূর্ণমান : ৬০ সময় : ২ ঘন্টা ৩০ মিনিট

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) 'বাংলার মুখ আমি দেখিয়াছি' কবিতাটি কবির কোন কাব্যগ্রন্থে সংকলিত হয়েছে? সংকলনটির প্রকাশকাল উল্লেখ করো।

খ) "মধুকর ডিঙা থেকে না জানি সে কবে চাঁদ চম্পার কাছে..." — এখানে 'চাঁদ চম্পা' বলতে কাদের বোঝানো হয়েছে?

গ) 'ফল দেব, ফুল দেব, দেব আমি পাখির কূজন' — কোন্ কবিতার অংশ? কবির নাম উল্লেখ করো।

ঘ) "ক্ষুদ্র আমি তুচ্ছ নই — জানি আমি ভাবী বনস্পতি" —কার লেখা, কোন কবিতার অংশ?

ঙ) জ্যোতিরিন্দ্র নন্দীর 'গাছ' গল্পটি প্রথম কোন পত্রিকায় কত সালে প্রকাশ হয়?

(পরের পাতায়)

চ) বিমল করের 'অশ্বত্থ' গল্পের দু-জন মুখ্য চরিত্রের নাম লেখো।

ছ) বিমল করের 'অশ্বত্থ' গল্পটি কিসের প্রতীক বলে তোমার মনে হয়?

জ) 'অকাজের বউ' গল্পের কথকের গ্রামের নাম কী ছিল?

ঝ) রবীন্দ্রনাথ ঠাকুরের 'অরণ্যদেবতা' কথিকাটিতে 'বনলক্ষ্মীর দূতী' কাকে বলা হয়েছে?

ঞ) 'হলকর্ষণ' কথিকাটিতে মানুষের সঙ্গে অন্য পশুদের পার্থক্য হিসাবে কী বলা হয়েছে?

ট) কিন্নর রায়ের 'প্রকৃতি পাঠ' উপন্যাসটি প্রথম কবে কোথায় প্রকাশিত হয়?

ঠ) 'প্রকৃতি পাঠ' উপন্যাসের 'আনন্দময়ীর' বাঙালি হিন্দু হোটেলে' এখনো কী পাওয়া যায়?

ড) 'প্রকৃতি পাঠ' উপন্যাসে উল্লিখিত বিজলী গ্রিলের কোলড্রিংকসের দোকানে কোন কোন মহাপুরুষের ছবি আঁকা আছে?

ঢ) "কিভাবে যে এই তিন প্রতিভাবানকে একসঙ্গে স্মরণ করার শর্টকার্ট পথ আধুনিক বাঙালি প্রজন্ম আবিষ্কার করেছে..." — 'তিন প্রতিভাবান' বলতে কাদের বোঝানো হয়েছে?

ণ) "গোটা পৃথিবী কি একদিন এভাবে গ্যাস নিরোধক মুখোশ পরে হাঁটবে?" — কোন্ রচনার অংশ? লেখকের নাম কী?

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) 'বাংলা সাহিত্য ও সংস্কৃতিতে পরিবেশ ভাবনা'-র মতো বিষয় পাঠ্য তালিকায় অন্তর্ভুক্ত করার কারণ সংক্ষেপে লেখো।



খ) 'বাংলার মুখ আমি দেখিয়াছি' কবিতা অবলম্বনে কবির স্বদেশের রূপমুগ্ধতার স্বরূপ বিশ্লেষণ করো।

গ) কবি অমিয় চক্রবর্তীর 'গাছ' কবিতাটির সারমর্ম নিজের ভাষায় লেখো।

ঘ) "ধানের জমিতে কারখানা গড়লে মানুষ খাবে কী? লোহালক্কড়ে তো পেট ভরবে না।" — প্রসঙ্গ উল্লেখ করে তাৎপর্য ব্যাখ্যা করো।

ঙ) রবীন্দ্রনাথের 'অরণ্যদেবতা' কথিকায় অরণ্য ধ্বংসের ফলে কী কী সমস্যা দেখা দিয়েছে বলে উল্লেখ করা হয়েছে?

চ) 'প্রকৃতি পাঠ' উপন্যাসে সত্যপ্রসন্নের কথায় মহাবীরতলার যে চিত্র ফুটে উঠেছে তা বিবৃত করো।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) কবি সুকান্ত ভট্টাচার্যের 'আগামী' কবিতায় প্রতিফলিত কবির বক্তব্য নিজের ভাষায় লেখো।

খ) 'হলকর্ষণ' কথিকায় রবীন্দ্রনাথের বক্তব্য নিজের ভাষায় প্রকাশ করো।

গ) জয়া মিত্রের 'অকাজের বউ' গল্পের নামহীন প্রধান চরিত্রের পরিচয় সুস্পষ্ট করো।

ঘ) 'প্রকৃতি পাঠ' উপন্যাসের নামকরণের সার্থকতা বিশ্লেষণ করো।

———